গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫
www.banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৭.১১৫.২৪/৩৮১

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: GIS Mapping of Secondary Educational Institutions and Compliance Verification Survey শীর্ষক স্কিম এর আওতায় তথ্য সংগ্রহ কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদান সংক্রান্ত।**

শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক বাস্তবায়নাধীন GIS Mapping of Secondary Educational Institutions and Compliance Verification Survey শীর্ষক স্কিমের আওতায় দেশের মাধ্যমিক স্তরের (৬ষ্ঠ-১২শ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থানিক তথ্যসহ অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করা হবে। উক্ত জরিপ কার্যক্রম পরিচালনার জন্য ইতোমধ্যে মাঠ পর্যায়ে তথ্যসংগ্রহকারী নিয়োগ প্রদান করা হয়েছে। নিয়োগকৃত তথ্যসংগ্রহকারীগণ স্বশরীরে প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট প্রমাণক যাচাই করে মোবাইল অ্যাপসের (GIS Mapping & CVS) মাধ্যমে আগামী ১১ আগস্ট ২০২৫ হতে ০৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত তথ্য সংগ্রহ করবেন। তথ্য সংগ্রহ কার্যক্রমে সংশ্লিষ্ট জেলার জেলা শিক্ষা অফিসারকে জেলা কো-অর্ডিনেটর, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার/একাডেমিক সুপারভাইজার অথবা জেলা শিক্ষা অফিসার মনোনীত কর্মকর্তাকে সুপারভাইজার এবং সহকারী প্রোগ্রামারগণকে (ইউআইটিআরসিই, ব্যানবেইস) টেকনিক্যাল সুপারভাইজার হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে। বর্ণিত তথ্য সংগ্রহ কার্যক্রমটি সঠিকভাবে সম্পাদনে সার্বিক সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৬/০৮/২০২৫
(প্রফেসর মোঃ গোলাম ফিরোজ)
পরিচালক (পরিসংখ্যান)
ও
ডেপুটি স্কিম ডিরেক্টর
জিআইএস ম্যাপিং এন্ড সিভিএস
ফোন: ০২-৪১০৬০৭৩৩

উপজেলা/থানা নির্বাহী অফিসার (সকল)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রোগ্রাম কোঅর্ডিনেটর, এসইডিপি-পিসিইউ, শিক্ষা ভবন, ঢাকা।
৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা ), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
৬। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক.................................
৮। পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৯। প্রোগ্রামার-১, ব্যানবেইস (ব্যানবেইস ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ব্যানবেইস, ঢাকা।
১১। সংরক্ষণ নথি, ব্যানবেইস, ঢাকা।